



রংপুরে আন্তর্জাতিক পাবলিক সার্ভিস দিবস উপলক্ষে বেলুন উড়িয়ে বর্ণাঢ্য র্যালীর উদ্বোধন করেন রংপুর জেলা প্রশাসক এনামুল হাবীব।
-পরিবেশ

রংপুরে আন্তর্জাতিক পাবলিক সার্ভিস দিবস পালিত

পরিবেশ প্রতিবেদক :

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাসমূহ উপলব্ধি/হৃদয়ঙ্গম করার উদ্দেশ্যে শাসন ব্যবস্থার রূপান্তর এই প্রতিপাদ্য নিয়ে রংপুর আন্তর্জাতিক পাবলিক সার্ভিস দিবস পালিত হয়েছে।

শনিবার বেলা সাড়ে ১০টার দিকে রংপুর জেলা প্রশাসকের কার্যালয় থেকে বনাঢ্য শোভাযাত্রা বের হয়ে নগরীর প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে আবারো জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জনসেবা বিষয়ক

আলোচনা সভায় মিলিত হয়। স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক রুহুল আমীন মিয়াএর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক এনামুল হাবীব। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন রংপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রবিউল ইসলাম, রংপুরের অতিরিক্ত পুলিশ সুপার আবু মারুফ হোসেন প্রমুখ।

এসময় রংপুর বিভাগীয় ও জেলা প্রশাসনের বিভিন্ন কর্মকর্তা-কর্মচারী, জনপ্রতিনিধি, শিক্ষক, শিক্ষার্থী ও সুশীল সমাজের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।